হত্যাচেষ্টা মামলায় গাজী নজরুল ইসলামকে আগাম জামিন



গাজী নজরুল ইসলাম। ছবি: সংগৃহীত

রাজধানীর পল্লবী থানায় দায়ের করা হত্যাচেষ্টা মামলায় সাতক্ষীরা-৪ আসনের সংসদ সদস্য গাজী নজরুল ইসলামকে আট সপ্তাহের আগাম জামিন দিয়েছেন হাইকোর্ট।

সোমবার (১০ আগস্ট) বিচারপতি কে এম জাহিদ সারওয়ার ও বিচারপতি শেখ আবু তাহেরের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এ আদেশ দেন। আদালতে গাজী নজরুলের পক্ষে জামিন আবেদনের শুনানি করেন জ্যেষ্ঠ আইনজীবী এস এম শাহজাহান।

গত ২১ জুলাই ব্যক্তিগত একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ার ঘটনাকে কেন্দ্র করে পল্লবী থানায় গাজী নজরুল ইসলামসহ পাঁচজনের বিরুদ্ধে হত্যাচেষ্টার অভিযোগে মামলা করা হয়। মামলাটি করেন সংসদ সদস্যের ব্যক্তিগত গাড়িচালক ওবায়দুর রহমান।

মামলার বাদী ওবায়দুর রহমান নিজেকে গাজী নজরুলের গাড়িচালক হিসেবে পরিচয় দেওয়ার পাশাপাশি সংসদ সদস্যের দ্বিতীয় স্ত্রী হিসেবে পরিচিত নারীর মামা বলে জানা গেছে।

এজাহারে ওবায়দুর রহমান অভিযোগ করেন, সংসদ সদস্যের কথিত অনৈতিক সম্পর্কের প্রতিবাদ করায় এবং একটি ভিডিও ছড়িয়ে দেওয়ার ঘটনায় তাকে জড়িত বলে সন্দেহ করায় তার ওপর হামলা ও মারধর করা হয়।

মামলায় গাজী নজরুল ইসলাম ছাড়াও তার চার সহযোগীকে আসামি করা হয়েছে। তারা হলেন আমিনুর রহমান, মাসুম বিল্লাহ, মোস্তাসিম বিল্লাহ ও রাকিবুল হাসান।

উল্লেখ্য, ব্যক্তিগত ভিডিও ছড়িয়ে পড়ার ঘটনাকে কেন্দ্র করে এর আগে গাজী নজরুল ইসলামকে দল থেকে বহিষ্কার করে জামায়াতে ইসলামী।